# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৯৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬. তৃতীয় অনুচ্ছেদ - দু‘আ কুনূত

### আরবী

عَن الْحسن: أَن عمر بن الْخطاب جَمَعَ النَّاسَ عَلَى أُبَيِّ بْنِ كَعْبٍ فَكَانَ يُصَلِّي بِهِمْ عِشْرِينَ لَيْلَةً وَلَا يَقْنُتُ بِهِمْ إِلَّا فِي النِّصْفِ الْبَاقِي فَإِذَا كَانَتِ الْعَشْرُ الْأَوَاخِرُ تَخَلَّفَ فَصَلَّى فِي بَيْتِهِ فَكَانُوا يَقُولُونَ: أبق أبي. رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১২৯৩-[৬] হাসান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমীরুল মু’মিনীন ’উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) (রমাযান মাসের তারাবীহের জন্যে) লোকজনকে একত্র করলেন। তিনি [’উমার (রাঃ)] উবাই ইবনু কা’বকে ইমাম নিযুক্ত করলেন। উবাই ইবনু কা’ব তাদের নিয়ে বিশ রাত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করালেন। তিনি (উবাই) রমাযানের শেষ পনের দিন ছাড়া আর কোন দিন লোকদেরকে নিয়ে দু’আ কুনূত পড়েননি। শেষ দশ দিন উবাই ইবনু কা’ব মসজিদে আসেননি। বরং তিনি বাড়িতেই সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে লাগলেন। লোকেরা বলতে লাগল, উবাই ইবনু কা’ব ভেগে গেছেন। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১৪২৯, সুনান আল কুবরা লিল বায়হাক্বী ৪৩০০। হাদীসের সানাদটি বিচ্ছিন্ন, কারণ হাসান আল বসরী (রহঃ) ‘উমার (রাঃ)-এর সাক্ষাৎ পাননি।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উবাই ইবনু কা‘ব তাদের সাথে তারাবীহ আদায়ের জন্য আর মসজিদে প্রবেশ করতেন না। আল্লামা ত্বীবী (রহঃ) বলেন যে, তাদের أبق শব্দটি বলা উবাই ইবনু কা‘ব (রাঃ)-এর তারাবীহের জামা‘আত থেকে পিছে যেয়ে আর না আসার প্রতি অপছন্দনীয়তা প্রকাশ। তার ফিরে না আসাকে তারা হারানো দাসের সাথে তুলনা করেছেন।

এ হাদীস দ্বারা শাফি‘ঈ মাযহাবীগণ দলীল গ্রহণ করেছেন যে, বিতরে কুনূত পড়াটা রমাযানের শেষোর্ধেকের সাথে নির্দিষ্ট। কিন্তু হাদীসটি য‘ঈফ, কেননা তা মুনক্বাতি‘ কারণ হাসান ‘উমার (রাঃ)-কে পাননি। তাছাড়া ‘উমার বিন

খাত্ত্বাব (রাঃ)-এর খিলাফাতের ছয় বছর অবশিষ্ট থাকতে তিনি জন্মগ্রহণ করেছেন।

বিঃ দ্রঃ এখানে হাসান বলতে হাসান আল বসরী উদ্দেশ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55853

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন